দৈনি[illegible] [illegible]কিলা।

JAN. 11 2001

তারিখ ...

পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

### পুস্তকার সাথে খুচরা বই বিক্রেতা সমবায় সমিতির বৈঠক

# ২০ জানুয়ারী থেকে মাধ্যমিক পর্যায়ের সকল নতুন বই বিক্রি শুরু হবে

**মোঃ আবদুর রহিম** ॥ রাজধানী ঢাকাসহ দেশের ৫টি মেট্রোপলিটন সিটিতে আগামী ২০ জানুয়ারী থেকে ছাত্র-ছাত্রীদের নিকট মাধ্যমিক পর্যায়ের (৬ষ্ঠ শ্রেণী থেকে ৯ম শ্রেণী) সবক'টি নতুন বই বিক্রি শুরু হবে।

গতকাল (বুধবার) দুপুরে মাধ্যমিক পর্যায়ের নতুন ৬০টি বই মুদ্রণ বাঁধাই ও বিপণনের একক প্রতিষ্ঠান বেক্সিমকো গ্রুপের পুস্তকার উদ্যোগে খুচরা পুস্তক বিক্রেতা সমবায় সমিতির সকল সদস্যদের সাথে অনুষ্ঠিত এক বৈঠকে পুস্তকার পক্ষ থেকে তাদের বই বিতরণের প্রস্তুতির কথা জানানো হয়। বৈঠকে জানানো হয়, নিউজপ্রিন্ট সংকট সত্ত্বেও এ যাবত মাধ্যমিক পর্যায়ের সবক'টি বই-এর শতকরা ৬৪ ভাগ বই মুদ্রণ সম্পন্ন হয়েছে। পুস্তকার নিকট থেকে আগামী ১৮ জানুয়ারীর মধ্যে বই সরবরাহ নিতে খুচরা পুস্তক বিক্রেতা সমবায় সমিতিকে আজকের (বৃহস্পতিবার) মধ্যে পুস্তকার বরাবরে মোট টাকার আংশিক চালান জমা দিতে বলা হয়েছে। খুচরা পুস্তক বিক্রেতা সমবায় সমিতি রাজধানীর ১১টি থানার (তাদের নির্ধারিত এলাকা) ৫৪টি বইয়ের দোকানের মাধ্যমে বই বিক্রি শুরু করবে। একই পদ্ধতিতে দেশের অপর ৪টি মেট্রোপলিটন এলাকায় বই বিক্রির ব্যবস্থা নেয়া হয়েছে বলে বৈঠকে জানানো হয়।

উল্লেখ্য, পুস্তকা মাধ্যমিক পর্যায়ের ৬০টি নতুন বইয়ের মুদ্রণ, বাঁধাই ও বিপণনের

৭-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

### খুচরা বই বিক্রেতা সমিতি

প্রথম পৃষ্ঠার পর,

একক প্রতিষ্ঠান হিসেবে আড়াই কোটি বইয়ের মুদ্রণের দায়িত্ব পেয়েছে।

পুস্তকার উদ্যোগে গতকাল ধানমন্ডিস্থ বেক্সিমকো অফিসে খুচরা পুস্তক বিক্রেতা সমবায় সমিতির সদস্যদের সাথে অনুষ্ঠিত এই বৈঠকে জনাব সালমান এফ রহমান ও পুস্তকার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

খুচরা পুস্তক বিক্রেতা সমবায় সমিতির সাধারণ সম্পাদকের সাথে এ বিষয়ে কথা হলে তিনি জানান, সমবায় সমিতি কেন্দ্রীয়ভাবে পুস্তকার নিকট থেকে বই সরবরাহ নেয়ার জন্য আজ (বৃহস্পতিবার) পুস্তকার নিকট টাকা জমা দেবে। তিনি বলেন, আগামী ২০ জানুয়ারী থেকে ছাত্র-ছাত্রীদের নিকট বই বিক্রি শুরু করার সকল প্রস্তুতি তারা গ্রহণ করছেন।